



জাতীয় চিকিৎসক দিবস উপলক্ষে আবেদন

মানুষের স্বাস্থ্য সুরক্ষিত রাখার ক্ষেত্রে চিকিৎসকদের অবদানকে স্বরণে রেখে প্রতিবছর ১ জুলাই ভারতে জাতীয় চিকিৎসক দিবস পালিত হয়। দেশের প্রবাদপ্রতিম চিকিৎসক এবং পশ্চিমবঙ্গের প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায়ের জন্ম ও মৃত্যু দিন ১ জুলাই। কিংবদন্তি চিকিৎসক ডাঃ বিধান চন্দ্র রায়কে সম্মান জানাতে এই দিনে আমাদের দেশে জাতীয় চিকিৎসক দিবস পালন করা হয়।

অনাদিকাল থেকে চিকিৎসকরা শত সহস্র জীবন বাঁচাচ্ছেন এবং দিনরাত নিরলসভাবে পরিষেবা প্রদান করে চলেছেন। চিকিৎসকরা শুধুমাত্র জীবন এবং মৃত্যুর সন্ধিক্ষণে দাঁড়িয়ে থাকা মানুষের চিকিৎসাই করেন না, নতুন জীবনও উপহার দেন। এই বিশেষ দিনটি ডাক্তারদের কঠোর পরিশ্রম এবং সেবাকে আনুষ্ঠানিকভাবে সম্মান জানানোর জন্য নিবেদিত।

বর্তমান সময়ে এই দিনটির গুরুত্ব অপরিসীমা। এই দিনটির বহুমুখী তাৎপর্য রয়েছে। প্রতিকূল পরিবেশের মধ্যেও মানুষের প্রাণ রক্ষার্থে চিকিৎসকগণ ব্যক্তিগত জীবন উপেক্ষা করে মানবসেবায় নিজেদের নিয়োজিত করেন। তাই তাঁদের এই অবদানের কথা বিবেচনায় রেখে চিকিৎসক সমাজকে শ্রদ্ধা জানাতে, তাঁদের ভূমিকার প্রতি সম্মান প্রদর্শন করতে এই দিনটি উদ্‌যাপিত হয়।

সমাজের প্রতি চিকিৎসকদের যে সেবামূলক ভূমিকা তা বিস্মৃত হলে চলবে না। পাশাপাশি চিকিৎসকদেরও এই পেশা তাদের জীবনেও আর্ত-পীড়িত মানুষের সেবা করার এক বিশাল সুযোগ এনে দিয়েছে সেটা মনে রাখা আবশ্যিক। তাই মানবিকতাবোধে উদ্বুদ্ধ হয়ে এই মহান পেশার প্রতি দায়বদ্ধ ভূমিকা পালন করতে সম্মানিত চিকিৎসক সমাজের প্রতি আহ্বান জানাচ্ছি।

প্রফেসর ডাঃ মানিক সাহা